

'ফুটপাত যেন আবার দখল না হয়'

অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, যেসব ফুটপাত মুক্ত করা হচ্ছে তা যেন দখল না হয়, যেসব জায়গায় ময়লা পরিষ্কার করা হচ্ছে তা যেনো আর অপরিষ্কার না হয়। এজন্য তিনি সবার সহযোগিতা কামনা করেন।

শুক্রবার রাজধানীর মিরপুর জাতীয় মুকুল ফৌজ মাঠে 'সবুজ ঢাকা ক্যাম্পেইন' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মেয়র বলেন, রাস্তা-ফুটপাতসহ মূল জায়গাগুলো খালি করা হচ্ছে। এসব মুক্ত করতে কাউন্সিলর থেকে শুরু করে সবাই এবার মেয়রের পলিটিক্যাল মাস্তানি দেখবে।

তিনি বলেন, 'ফুটপাত পরিষ্কার করা শুরু করেছি, এপ্রিলের মধ্যে পরিষ্কার হয়ে যাবে। কারও ওপর অত্যাচার করতে চাই না, যারা ক্ষতিগ্রস্ত হচ্ছেন তাদের জন্য কিছু করার চেষ্টা করছি।'

সবুজ নগরী গড়তে নিজ বাসা, হাসপাতাল, রাস্তায় রাস্তায়, স্কুলসহ সব প্রতিষ্ঠানে একটি করে গাছ লাগাতে নগরবাসীর প্রতি অনুরোধ জানান মেয়র।

আনিসুল হক বলেন, 'উত্তর সিটি করপোরেশনের ৬০ শতাংশ জায়গায় শক্তিশালী সিসি ক্যামেরা লাগানো শুরু হয়েছে। মার্চের মধ্যে ৫শ ২০টি লাগানো ও জুনের মধ্যে ১১শ লাগানো হবে। এ ক্যামেরায় অন্ধকারের মধ্যেও আপনার চেহারা দেখা যাবে।'

৩নং ওয়ার্ড কাউন্সিলর কাজী জাহিরুল ইসলাম মানিকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা-১৬ আসনের সংসদ সদস্য ইলিয়াস উদ্দিন মোল্লা, কৃষি সম্প্রসারণ অধিদফতরের মহাপরিচালক মো. হামিদুর রহমান, কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আ ক ম মো. জামাল উদ্দিন প্রমুখ।

বিডি-প্রতিদিন/১৯ ফেব্রুয়ারি, ২০১৬/মাহবুব